

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ  
(NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা), ৩৭/৩/এ,  
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।  
www.ntrca.gov.bd

নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.১৪.০০০১.২০.৫৮৬

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ  
১৯ মে ২০২৫ খ্রিস্টাব্দ

### বিজ্ঞপ্তি

বিষয়: জনাব ইমদাদুল হক এর শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র বাতিলকরণ প্রসংগে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সপ্তদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২০ এর 405002719 রোল নম্বরধারী জনাব Imdadul Haque, পিতা: Atiar Rahman Dafadar, মাতা: Kamrunnahar, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা হতে History বিষয়ে ২০১৫-১৬ শিক্ষা বর্ষে ০৪ (চার) বছরের অনার্স ডিগ্রি লাভ করেন এবং উক্ত শিক্ষাগত যোগ্যতার সনদ ব্যবহার করে সপ্তদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষায় Lecturer, History পদে অংশগ্রহণ করে নিবন্ধন প্রত্যয়নপত্র লাভ করেন।

০২। সপ্তদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২০ এর প্রকাশিত বিজ্ঞপ্তির ৬ (ক) নং ক্রমিকে উল্লেখ রয়েছে “শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে পরীক্ষায় অবতীর্ণ (Appeared) কোন প্রার্থীর আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না”। উক্ত বিজ্ঞপ্তির ৩ (খ) নং ক্রমিকে উল্লেখ রয়েছে “Online-এ আবেদনপত্র জমা প্রদানের শেষ তারিখ ও সময়: ০৬ ফেব্রুয়ারি, ২০২০ তারিখ রাত ১২:০০ পর্যন্ত”। জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা এর পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়ের ১০ মার্চ ২০২০ তারিখের জবি/পনি-০৩/ফলাফল/অ-ইতি/(পোর্ট-১)/২০০৭/৫৬০ স্মারকে জারিকৃত বিজ্ঞপ্তি মোতাবেক একাডেমিক কাউন্সিল/সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে ইতিহাস বিভাগের ২০১৯ সালের বিএ (অনার্স) ২০১৫-১৬ শিক্ষাবর্ষের চূড়ান্ত পরীক্ষার ফলাফল ১০ মার্চ ২০২০ তারিখে প্রকাশিত হয়। জনাব Imdadul Haque সপ্তদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ে History বিষয়ে ০৪ (চার) বছরের অনার্স ডিগ্রি অর্জন না করেও সপ্তদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২০ এ Lecturer, History পদে অংশগ্রহণ করেন এবং উক্ত নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ হয়ে শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র লাভ করেন।

০৩। অনার্স পরীক্ষায় অবতীর্ণ (Appeared) প্রার্থী জনাব Imdadul Haque এর ভুল তথ্য/ফলাফল প্রদান করে নিবন্ধন প্রত্যয়নপত্র অর্জনের অভিযোগ “বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধিত)” এর ১২(২) বিধি অনুযায়ী তদন্ত করা হয় এবং তদন্তে অভিযোগের সত্যতা পাওয়া যায়।

০৪। এমতাবস্থায়, “বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধিত)” এর ১২(২) বিধি অনুযায়ী সপ্তদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২০ এর 405002719 রোল নম্বর ও 172020011451 রেজিস্ট্রেশন নম্বরধারী জনাব Imdadul Haque, পিতা: Atiar Rahman Dafadar, মাতা: Kamrunnahar এর Lecturer, History পদের শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রটি যার সিরিয়াল নম্বর 10557892 নির্দেশক্রমে বাতিল করা হলো।

০৫। উক্ত বাতিলকৃত শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রটি কোথাও ব্যবহার করা হলে তা ফৌজদারী অপরাধ বলে গণ্য হবে।



১৯-০৫-২০২৫

ফিরোজ আহমেদ

সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও  
প্রত্যয়ন-১)

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস, সাতক্ষীরা।

৫। অধ্যক্ষ, বঙ্গবন্ধু মহিলা কলেজ, কলারোয়া, সাতক্ষীরা।

৬। জনাব ইমদাদুল হক, প্রভাষক, ইতিহাস, বঙ্গবন্ধু মহিলা কলেজ, কলারোয়া, সাতক্ষীরা।

৭। সহকারী প্রোগ্রামার, এনটিআরসিএ, ঢাকা (পত্রটি এনটিআরসিএ-এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

৮। পি.এ টু চেয়ারম্যান, এনটিআরসিএ, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

